গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।
(borhanuddin.bhola.gov.bd)

**আসন্ন শারদীয় দুর্গোৎসব-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | : নাজমুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), বোরহানউদ্দিন, ভোলা। |
| স্থান | : উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা। |
| তারিখ | : ০৯ অক্টোবর ২০২৩ খ্রি. সোমবার |
| সময় | : সকাল ১১:০০ ঘটিকা। |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শারদীয় দুর্গা পূজার অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শারদীয় উৎসব শুধু হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় উৎসব নয়, এটি বাঙালির উৎসব মনে করে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ আচরণ বজায় রেখে আনন্দঘন পরিবেশে উদ্‌যাপনের জন্য সভাপতি সকলের প্রতি অনুরোধ করেন। অতঃপর সহকারী কমিশনার (ভূমি), বোরহানউদ্দিন, ভোলা গত ০৫ অক্টোবর ২০২৩ তারিখ জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত শারদীয় দুর্গা পূজার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ২১/০৯/২০২৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৯.১০.০০২.২০১৩-৩২৭নং স্মারকের কার্যবিবরণী এবং বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের ২৫ দফা নির্দেশনা সভায় পাঠ করে শুনান। সভায় শারদীয় দুর্গোৎসবের বিভিন্ন সিদ্ধান্ত নিয়ে আলোচনা করা হয়। বিগত বছরের ন্যায় এ বছরও বোরহানউদ্দিন উপজেলায় ২০টি পূজামন্ডপে ২০-২৪ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) দিনব্যাপী সর্বজনীন শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হবে।

শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে উদ্‌যাপনের জন্য বিস্তারিত আলোচনান্তে **নিম্নবর্ণিত** সিদ্ধান্ত**সমূহ** গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | পূজামন্ডপ নির্মাণকালে নিরাপত্তা | বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ, বোরহানউদ্দিন উপজেলা শাখার সভাপতি সভায় জানান, নিরাপত্তার স্বার্থে সহজে যোগাযোগ করা যায় এমন স্থানে পূজামন্ডপ স্থাপন, প্রতিমা কারিগরদের নিরাপত্তা প্রদান এবং উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম গঠন করার জন্য অনুরোধ করেন। | (ক) নিরাপত্তার স্বার্থে সহজে যোগাযোগ করা যায় এমন স্থানে পূজামন্ডপ স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) পূজামন্ডপে প্রতিমা নির্মাণের স্থান এবং প্রতিমা তৈরির কারিগরদের নিরাপত্তা নিশ্চিতকরণে আইন-শৃঙ্খলা রক্ষকারী বাহিনীকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধসহ সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি)<br>২। অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>৪। চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি<br>৫। সংশ্লিষ্ট পূজা উদ্‌যাপন কমিটি (সকল) |
| ২. | পুলিশ ফোর্স মোতায়েন | উপজেলা পূজা উদ্‌যাপন কমিটির সম্পাদক জনাব ইন্দ্রজিৎ দে বলেন, পূজামন্ডপে পুলিশ ও আনসার সদস্যের সংখ্যা প্রয়োজন মাফিক নিয়োজিত করলে ভাল হবে এবং টহল জোরদার করার বিষয়ে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা জানান, এ বছর পূজামন্ডপগুলোতে স্থায়ীভাবে পুলিশ ফোর্স নিয়োগ করা হবে না। ২-৩টি পূজা মন্ডপের জন্য ১টি মোবাইল টিম থাকবে। মোবাইল টিম সার্বক্ষণিক পূজামন্ডপের নিরাপত্তা নিশ্চিত করবে। প্রত্যেকটি পূজামন্ডপে একটি পরিদর্শন রেজিস্টার রাখার জন্য সকলের প্রতি আহবান জানান। এছাড়া পূজামন্ডপে কোনো ধরণের অশালীন, ইভটিজিং ও নাশকতামূলক ঘটনা ঘটার সম্ভাবনা দেখা দিলে তাৎক্ষণিক পুলিশ কন্ট্রোল রুম (০১৩২০-১৫২২৫৯, ০১৩২০১৫২২৬০, ০১৩২০-১৫২২৬৪) এ ফোন দিয়ে অবহিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা | (ক) পূজামন্ডপে ক্যাটাগরি মতে পর্যাপ্ত পুলিশ ফোর্সের সমন্বয়ে টহল পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) টহল পুলিশ মোতায়েনের পাশাপাশি উপজেলা হতে দূরবর্তী এলাকার পূজামন্ডপে অতিরিক্ত পুলিশ ফোর্স নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা |

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | হয়। যদি সম্ভব হয় পূজামন্ডপে সিসি ক্যামেরা স্থাপনের জন্য তিনি অনুরোধ জানান। | | |
| ৩. | আনসার ও ভিডিপি, গ্রাম পুলিশ অঙ্গীভূতকরণ | পূজামন্ডপে ক্যাটাগরি ভিত্তিক আনসার ও ভিডিপি সদস্যদের অঙ্গীভূত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বোরহানউদ্দিন উপজেলার ২০টি পূজা মন্ডপের মধ্যে ১০টি অধিক গুরুত্বপূর্ণ পূজা মন্ডপে ০৮ জন করে আনসার সদস্য এবং ১০টি গুরুত্বপূর্ণ পূজা মন্ডপে ০৬ জন করে আনসার সদস্য পূজা মন্ডপের নিরাপত্তা নিশ্চিত করার জন্য নিযুক্ত করা হবে। আনসার ও ভিডিপি এবং গ্রাম পুলিশ সদস্য নিয়োগ যেন স্থানীয় লোকজনকে দিয়ে করা না হয় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য সভায় আলোচনা হয়। পূজামন্ডপের তালিকার সাথে মন্দিরে আইন-শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত স্বেচ্ছাসেবক/ ব্যক্তিবর্গের নাম ও ফোন নম্বরসহ একটি তালিকা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সরবরাহ এবং সংশ্লিষ্ট মন্দিরে সংরক্ষণ করার করতে হবে। | (ক) ঝুঁকিপূর্ণ পূজামন্ডপ বিবেচনা করে প্রয়োজনীয় সংখ্যক আনসার ও গ্রাম পুলিশ নিয়োগ করে সহযোগিতা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;<br><br>(খ) পূজামন্ডপে নিয়োগকৃত আনসার ও গ্রাম পুলিশের সদস্যগণ তাদের নিজস্ব পোশাক পরিধান করে দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>২. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার<br>৩. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি<br>৪. সভাপতি/ সাধারণ সম্পাদক, পূজামন্ডপ (সকল), বোরহানউদ্দিন |
| ৪. | সার্বিক আইন শৃঙ্খলা | উপজেলা পূজা উদ্‌যাপন পরিষদের সভাপতি, প্রত্যেকটি পূজা কমিটিকে নিজেদের উদ্যোগে নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পাশাপাশি পূজামন্ডপে One Way করার জন্য অনুরোধ জানান। পূজা চলাকালীন পুরুষ ও মহিলা স্বেচ্ছাসেবক নিয়োগ এবং তাদেরকে চেনার উপায় হিসেবে স্বেচ্ছাসেবক লেখা কার্ড ব্যবহারের পরামর্শ প্রদান করা হয়। | (ক) পূজা চলাকালীন দর্শনার্থীদের সুবিধার্থে One Way করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) প্রতিটি পূজামন্ডপে পূজা উদ্‌যাপন কমিটির নিজস্ব স্বেচ্ছাসেবক বাহিনী গঠনসহ পূজা আরম্ভ হওয়ার পূর্ব থেকেই পর্যায়ক্রমে সার্বক্ষণিক দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ সংক্রান্ত একটি রেজিস্টার সংরক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(গ) পূজা মন্ডপে আগত নারী ও শিশুদের উত্যক্ত করা, ইভটিজিং, মাদক সেবন ইত্যাদি বন্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(ঘ) পুরুষ ও মহিলা দর্শনার্থীদের জন্য পৃথক পৃথক প্রবেশ ও বাহিরের পথ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী কমিশনার (ভূমি)<br>২. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>৪. সভাপতি/ সাধারণ সম্পাদক, পূজামন্ডপ (সকল) |
| ৫. | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | পূজা চলাকালীন বিদ্যুতের লোডশেডিং কমিয়ে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সভায় বিদ্যুৎ আলোকসজ্জা পরিমিত রাখাসহ সতর্কতা অবলম্বন করা এবং পূজামন্ডপে পূজা উদ্‌যাপন কমিটির স্ব-উদ্যোগে জেনারেটরের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা করা হয়। পূজার পর আলোকসজ্জার সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। অস্থায়ী পূজা মন্ডপসমূহে আলোকসজ্জার জন্য অস্থায়ীভাবে মিটার সরবরাহ করতে হবে। উপ-সহকারী প্রকৌশলী, ওজোপাডিকো লি. জানান যে, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারে ঝুঁকির প্রবণতা রয়েছে। যদি কোনো | ১. পূজা চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;<br>২. সকল পূজামন্ডপে নিজস্ব জেনারেটর/ চার্জার লাইটের ব্যবস্থা রাখতে হবে;<br>৩. ফায়ার সার্ভিসকে সার্বক্ষণিক প্রস্তুতসহ সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি, ভোলা।<br>২. আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো লি. বোরহানউদ্দিন<br>৩. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বোরহানউদ্দিন<br>৪. সভাপতি/ সম্পাদক, |

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অস্থায়ী পূজামন্ডপের বিদ্যুৎ সংযোগের প্রয়োজন হয় তবে সংশ্লিষ্ট পূজামন্ডপ থেকে আবেদন পাওয়া গেছে তাৎক্ষণিক সংযোগের ব্যবস্থা করা হবে। | | পূজামন্ডপ (সকল) |
| ৬. | আযান ও নামাজের সময় বাদ্যযন্ত্র ও মাইকের ব্যবহার নিয়ন্ত্রণ রাখা | সভাপতি বলেন শারদীয় দুর্গোৎসব শুধু মাত্র হিন্দু সম্প্রদায়ের জন্যই নয়, অনেক মুসলমানও এ উৎসব উপভোগ করেন। কাজেই ধর্মীয় পরিমিতিবোধ বজায় রেখে শান্তিপূর্ণ পরিবেশে পূজা উদ্‌যাপনের উদ্দেশ্যে আযান ও নামাজের সময় মাইক ও বাজনা পরিহারের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া আযান ও নামাজের সময় মাইক ও বাজনা পরিহারের লক্ষ্যে নামাজের সময়সূচি সংশ্লিষ্ট পূজামন্ডপ/ মন্দিরসমূহে সরবরাহ করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বোরহানউদ্দিন-কে অনুরোধ জানানো হয়। | ১. নামাজের সময়সূচি অনুযায়ী আযান ও নামাজের সময়ে মাইক ও বাজনা বাজানো পরিহার করার সিদ্ধান্ত গৃহিত হয়;<br>২. আযান ও নামাজের সময়সূচি সংগ্রহপূর্বক উপজেলা পূজা উদ্‌যাপন কমিটির নেতৃবৃন্দের নিকট পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন বোরহানউদ্দিন<br>২. সভাপতি/ সম্পাদক, পূজামন্ডপ (সকল) |
| ৭. | রাস্তাঘাট সংস্কার/ মেরামতকরণ এবং ডেঙ্গু প্রতিরোধে করণীয় | উপজেলা পূজা উদ্‌যাপন কমিটির সাধারণ সম্পাদক বলেন, দক্ষিণ কুতুবা (কৃষ্ণগঞ্জ) ৯নং ওয়ার্ড নতুন বাজার সংলগ্ন পূজা মন্ডপ; দক্ষিণ কুতুবা পূজা মন্ডপ এবং গ্যাস ফিল্ড রোড সুনীল মৃধা বাড়ি দুর্গা পূজামন্ডপের রাস্তাঘাট জনসাধারণের চলাচলের জন্য খুবই অনুপযোগী। আসন্ন শারদীয় দুর্গাপূজা চলাকালীন আগত দর্শনার্থীদের চলাচল সুগম করার লক্ষ্যে রাস্তাঘাটসমূহ মেরামতের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ এবং ডেঙ্গু প্রতিরোধে মন্ডপের চারপাশ সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ করেন। | (ক) দক্ষিণ কুতুবা (কৃষ্ণগঞ্জ) ৯নং ওয়ার্ড নতুন বাজার সংলগ্ন পূজা মন্ডপ; দক্ষিণ কুতুবা পূজা মন্ডপ এবং গ্যাস ফিল্ড রোড সুনীল মৃধা বাড়ি দুর্গা পূজামন্ডপের রাস্তা মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) ডেঙ্গু প্রতিরোধে পূজামন্ডপের আশে-পাশে কোথাও যাতে পানি না জমে সে বিষয়ে সতর্কতা অবলম্বনসহ চারপাশে পরিস্কার-পরিচ্ছন্ন রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী<br>২. সভাপতি/ সম্পাদক, পূজামন্ডপ (সকল) |
| ৮. | সিসি ক্যামেরা স্থাপন এবং স্বেচ্ছাসেবক নিয়োজিতকরণ | সভাপতি বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণায়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং জেলা প্রশাসনের নির্দেশনা মোতাবেক প্রতিটি পূজা মন্ডপে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। অস্থায়ী পূজা মন্ডপসমূহে অতিরিক্ত সংখ্যক নিজস্ব স্বেচ্ছাসেবকের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। | (ক) প্রতিটি পূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিটি মন্ডপে ১০ জন করে স্বেচ্ছাসেবক নিয়োগ এবং তাদের মধ্যে পালাক্রমে ২৪ ঘণ্টার দায়িত্ব বণ্টন করে দেয়ার ও মন্ডপ কোনভাবেই অরক্ষিত না থাকে সে বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(খ) সকল স্বেচ্ছাসেবককে জেলা প্রশাসন, ভোলা কর্তৃক প্রদানকৃত নির্ধারিত পোশাক পরিধান ও জেলা পুলিশ কর্তৃক প্রদানকৃত পরিচিতি কার্ড গলায় ঝুলিয়ে পূজামন্ডপে দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়;<br>(গ) স্বেচ্ছাসেবকগণের তালিকা ও মোবাইল নম্বর সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানায় শেয়ার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা<br>২. সভাপতি/ সম্পাদক, পূজামন্ডপ (সকল) |

অন্যান্য সিদ্ধান্তসমূহ:

১. প্রতিটি পূজামন্ডপে সিসিটিভি স্থাপন, নিজস্ব নিরাপত্তা কর্মী নিয়োগ এবং Access Control ব্যবস্থাসহ পুলিশের পাশাপাশি Static আনসার মোতায়েন করতে হবে;

২. ধর্মকে পুঁজি করে কেউ যেন কোনো ধরণের সহিংসতা সৃষ্টি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

৩. ধর্মীয় ভাবগাম্ভীর্য বজায় রেখে সাত্ত্বিকভাবে পূজার্চনা করার ব্যবস্থা করতে হবে;

৪. প্রতিমা তৈরি থেকে পূজা সমাপ্তি পর্যন্ত প্রতিটি মন্দির/ পূজামন্ডপে নিজস্ব উদ্যোগে নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

৫. সন্দেহভাজন দর্শনার্থীদের দেহ তল্লাশীর ব্যবস্থা এবং নারী স্বেচ্ছাসেবকের মাধ্যমে নারী দর্শনার্থীদের দেহ তল্লাশীর ব্যবস্থা রাখতে হবে;

৬. ফায়ার সার্ভিস ইউনিটকে দূর্ঘটনা মোকাবেলায় সদা প্রস্তুত থাকার সিদ্ধান্ত গৃহিত হয় (যোগাযোগ: ০১৯০১-০২৩৯৭৯);

৭. পূজা মন্দির/মন্ডপে নারী ও পুরুষের পৃথক যাতায়াত ব্যবস্থা রাখতে হবে ও প্রবেশ পথে স্যানিটাইজার/সাবান পানি দিয়ে হাত ধোঁয়ার ব্যবস্থা রাখতে হবে;

৮. উচ্চ শব্দের কারণে বিরক্তি উদ্রেককারী মাইক/পিএসেট ও আতসবাজি/পটকার ব্যবহার থেকে বিরত থাকতে হবে। ভক্তিমূলক সংগীত ব্যতীত অন্য সংগীত বাজানো থেকে বিরত থাকা এবং মন্দির/পূজা মন্ডপে প্রয়োজনাতিরিক্ত দীর্ঘসময় অবস্থান না করার সিদ্ধান্ত গৃহীত হয়;

৯. কারও ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগে এরূপ কার্যক্রম থেকে বিরত থাকতে হবে;

১০. পূজায় আইন-শৃঙ্খলা ও সার্বিক বিষয়ে তথ্য প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে (০১৩১৮-২৫৯১১৮)। কোনো পূজামন্ডপে ইভটিজিংয়ের ঘটনা ঘটলে তাৎক্ষণিক উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার (ভূমি) অথবা অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা-কে অবহিত করবেন;

১১. কোনো প্রকার গুজবে বিভ্রান্ত না হয়ে যে কোনো দুর্ঘটনার সংবাদ তাৎক্ষণিক সংশ্লিষ্ট আইনশৃঙ্খলা বাহিনী ও কেন্দ্রীয় মনিটরিং সেলে জানাতে হবে। প্রয়োজনে '৯৯৯' নম্বরে যোগাযোগ করতে হবে;

১২. বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনকালে শোভাযাত্রার আয়োজন না করা, অধিক সংখ্যক লোক সমাগম না করা, স্থানীয়ভাবে পূজা মন্ডপের পার্শ্বে উপর্যুক্ত স্থানে প্রতিমা বিসর্জনের আয়োজন করা এবং বিসর্জন স্থলে পর্যাপ্ত আলোর (জেনারেটর/চার্জার লাইটসহ) ব্যবস্থা ও অগ্নিনির্বাপক ব্যবস্থাপক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়;

১৩. অনিবার্য কারণে লোডশেডিংয়ের ফলে কোনো প্রকার বিশৃঙ্খলা যাতে না ঘটে সে জন্য সকল পূজামন্ডপ কমিটির সভাপতি/সম্পাদককে প্রতিটি পূজামন্ডপে নিজস্ব জেনারেটর/চার্জার লাইটের ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গৃহিত হয়;

১৪. দেশে সরকার নির্দেশিত চলমান জ্বালানি সাশ্রয় কার্যক্রমের কারণে নিরাপত্তামূলক আলোর ব্যবস্থা নিশ্চিতকরণ ব্যতীত অন্য সকল প্রকার আনুষ্ঠানিক আলোকসজ্জা থেকে বিরত থাকতে হবে;

১৫. আযান ও নামাজের সময় মসজিদের পার্শ্ববর্তী পূজামন্ডপগুলোতে পূজা চলাকালে ও বিসর্জনকালে শব্দযন্ত্রের ব্যবহার সীমিত রাখার জন্য এবং উচ্চস্বরে শব্দযন্ত্র ব্যবহার নিরুৎসাহিত করতে হবে;

১৬. স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলারক্ষাকারী বাহিনীর কর্মকর্তাগণসহ জেলা/উপজেলা পূজা উদ্‌যাপন কমিটি পূজামন্ডপসমূহ নিয়মিত পরিদর্শন করবেন। উপজেলা প্রশাসনের পক্ষ হতে উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শনের দায়িত্ব বণ্টন করে দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়;

১৭. প্রতিটি পূজামন্ডপে পূজা চলাকালীন আলোকসজ্জায় ব্যবহৃত বিদ্যুতের প্রতি ইউনিটের বিল দাখিল করার সময় মন্ত্রণালয় কর্তৃক ধর্মীয় প্রতিষ্ঠানের সরকার কর্তৃক নির্ধারিত বিল সংশ্লিষ্ট পূজা কমিটির সাথে সমন্বয় করে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়;

১৮. পূজামন্ডপসমূহের যে কোনো সমস্যা ও দুর্ঘটনার বিষয়ে তাৎক্ষণিক পূজামন্ডপের সভাপতি/সাধারণ সম্পাদককে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সার্বক্ষণিক যোগাযোগের জন্য জেলা প্রশাসন ও পুলিশ বিভাগসহ স্থানীয় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাগণের টেলিফোন ও মোবাইল নম্বর পূজামন্ডপসমূহের সুবিধাজনক স্থানে টাঙিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়;

১৯. পূজামন্ডপে কোনো মাদকসেবী প্রবেশ করলে তাৎক্ষণিক প্রশাসনকে অবহিত করার জন্য অনুরোধ জানান। এছাড়া প্রত্যেক পূজামন্ডপে আইন-শৃঙ্খলা রক্ষার্থে আতশবাজি সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট পূজামন্ডপের সভাপতি/ সাধারণ সম্পাদক কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন;

২০. দুর্ঘটনা ঘটতে পারে এমন সকল দোকানপাট (অস্থায়ী ভিত্তিতে নির্মিত) পূজামন্ডপের প্যান্ডেল হতে একটু দূরে স্থাপন করার জন্য সভাপতি/ সাধারণ সম্পাদককে অনুরোধ করা হয়;

২১. স্থায়ী মন্দিরের বাইরে অস্থায়ী মন্দিরের প্রতিমা বিজয়া দশমীর দিনেই বিসর্জন দিতে হবে।

পরিশেষে সভাপতি বলেন, বোরহানউদ্দিন উপজেলাধীন ২০টি পূজামন্ডপে আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক বরাদ্দপ্রাপ্তি সাপেক্ষে ৫০০ (পাঁচশত) কেজি হারে চাল যথাযথভাবে বিতরণ করা হবে। তিনি আরও বলেন যে, 'বারো মাসে তেরো পার্বণ' নামে পরিচিত এ দেশের মানুষ উৎসব প্রিয়। 'ধর্ম যার যার, উৎসব সবার'- মাননীয় প্রধানমন্ত্রীর উক্ত অনুশাসন এবং বাংলাদেশের সংবিধান অনুযায়ী সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী। কাজেই আমাদের সকলের প্রচেষ্টায় এ বছর বোরহানউদ্দিন উপজেলায় সাম্প্রদায়িক সম্প্রীতি, সৌহার্দ্যপূর্ণ ও আনন্দঘন পরিবেশে সর্বজনীন দুর্গোৎসব সফল করা সম্ভব হবে। তিনি উপজেলা সামাজিক সম্প্রীতি কমিটিসহ সকলের সহযোগিতায় বোরহানউদ্দিনে এবার সুষ্ঠু ও সুন্দরভাবে পূজা অনুষ্ঠিত হবে তা আশ্বস্ত করে উপস্থিত সকলকে তাঁদের মূল্যবান মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে পুনরায় অগ্রিম শারদীয় শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/১০/২০২৩

নাজমুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- ০৫.১০.০৯২১.০০০.৯৯.০০২..২৩.৫২০ তারিখ: ০৯ অক্টোবর ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মাননীয় সংসদ সদস্য, ১১৬, ভোলা-২।
২. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৫. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৬. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
৮. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা, ভোলা।
৯. উপজেলা ........................................................................................, অফিসার, বোরহানউদ্দিন, ভোলা।
১০. আবাসিক প্রকৌশলী, বোরহানউদ্দিন বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র, ওজোপাডিকো লিমিটেড, বোরহানউদ্দিন, ভোলা।
১১. এজিএম, বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি, ভোলা।
১২. স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স, বোরহানউদ্দিন, ভোলা।
১৩ চেয়ারম্যান, ........................................................................, ইউপি, বোরহানউদ্দিন, ভোলা।
১৪. ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বোরহানউদ্দিন, ভোলা।
১৫. সভাপতি/ সম্পাদক, বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ, বোরহানউদ্দিন উপজেলা শাখা, ভোলা।
১৬. সভাপতি/ সম্পাদক, ........................................................................, পূজা মন্ডপ, বোরহানউদ্দিন, ভোলা।
১৭. জনাব ........................................................................................, বোরহানউদ্দিন, ভোলা।
১৮. অফিস নথি (সংরক্ষণার্থে)।

০৯/১০/২০২৩

নাজমুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বোরহানউদ্দিন, ভোলা।
মোবাইল: ০১৩০৫-৫২৫১৫৬
unoborhanuddin@mopa.gov.bd

# বোরহানউদ্দিন উপজেলায় শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে পালনীয়

**নির্দেশনাবলি**

১. আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি প্রত্যেকটি পূজামন্ডপ/মন্দিরের পূজা উদ্‌যাপন কমিটির নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক স্বেচ্ছাসেবক নিয়োগ ও সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বিশেষ করে ভোর ০৪:০০টা হতে সকাল ০৮:০০টা পর্যন্ত বিশেষ নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে;

২. প্রতিটি পূজামন্ডপে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় সিসিটিভি ক্যামেরা স্থাপন নিশ্চিত করতে হবে;

৩. পূজামন্ডপগুলোতে পূজা চলাকালীন সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। বিদ্যুতের বিকল্প হিসেবে পূজামন্ডপের নিজস্ব ব্যবস্থাপনায় স্ব স্ব পূজা মন্ডপে জেনারেটর/ সৌর বিদ্যুৎ, টর্চ ও চার্জার লাইট প্রস্তুত রাখতে হবে। বৈদ্যুতিক দুর্ঘটনা/ঝুঁকি এড়াতে বৈদ্যুতিক সংযোগ স্থাপনকালে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগের টেকনিশিয়ানের সহযোগিতা গ্রহণ করতে হবে;

৪. পূজামন্ডপে নিয়োজিত স্বেচ্ছাসেবকগণের সুনির্দিষ্ট ব্যাজ/ পোশাক পরিধান করাসহ বড় ছবিযুক্ত আইডি কার্ড গলায় ঝুলিয়ে রাখতে হবে। পূজামন্ডপে প্রতিমা নির্মাণ থেকে শুরু করে প্রতিমা বিসর্জন পর্যন্ত প্রতিমার নিরাপত্তা রক্ষায় নিয়োজিত স্বেচ্ছাসেবকদের কর্মতৎপরতা মনিটরিং করার জন্য প্রতিটি পূজামন্ডপে রেজিস্টার সংরক্ষণ করতে হবে;

৫. পূজামন্ডপগুলোতে প্রবেশের ক্ষেত্রে নারী ও পুরুষের জন্য আলাদা প্রবেশ পথের ব্যবস্থা করতে হবে। বখাটেরা যাতে মেয়েদের উত্যক্ত করতে না পারে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে;

৬. সকল স্বেচ্ছাসেবক ও পূজা উদ্‌যাপন কমিটির তালিকা (মোবাইল নম্বরসহ) সংশ্লিষ্ট থানা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল নিশ্চিত করতে হবে;

৭. এলাকায় কোনোরূপ সন্ত্রাসী কার্যকলাপ বা জঙ্গিতৎপরতা বা অপরিচিত লোকদের আনাগোনা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে;

৮. আকস্মিক অগ্নিকান্ড রোধকল্পে প্রতিটি পূজামন্ডপ/ মন্দিরে অগ্নি নির্বাপণের ব্যবস্থা রাখতে হবে। এ ক্ষেত্রে প্রতিটি পূজামন্ডপ/ মন্দিরে সার্বক্ষণিক বালু ভর্তি বালতি ও প্রয়োজনীয় পানির সংস্থান রাখতে হবে;

৯. ডেঙ্গু প্রতিরোধে পূজামন্ডপের চতুর্দিকে পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা ও ব্লিচিং পাউডার ছিটানোসহ লোকজনদের সচেতনতা বৃদ্ধি করতে হবে। পূজামন্ডপে ডাস্টবিনের ব্যবস্থা রাখতে হবে;

১০. আযান ও নামাজের সময় পূজামন্ডপে সকল প্রকার বাদ্যযন্ত্র/ মাইক বাজানো বন্ধ রাখতে হবে। এ ক্ষেত্রে আযান ও নামাজের সময়সূচি পূজামন্ডপের দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখতে হবে;

১১. শব্দ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পূজামন্ডপে মাইকের পরিবর্তে সাউন্ডবক্স ব্যবহার করতে হবে;

১২. পূজার সময় কোনো পটকা ফাটানো বা আতশবাজি ব্যবহার করা যাবে না;

১৩. পূজামন্ডপ এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য ও নেশাজাতীয় দ্রব্য সেবনকারীর বিরুদ্ধে তাৎক্ষণিক আইনানুগ উপর্যুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪. বিজয়া দশমীতে রাত ০৮:০০ টার মধ্যে প্রতিমা বিসর্জন করতে হবে এবং প্রতিমা বিসর্জনের অন্ততঃ ০২ দিন পূর্বে বিসর্জনের সময় ও স্থানের নাম দায়িত্বপ্রাপ্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে;

১৫. সাম্প্রদায়িক সম্প্রীতি ও পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক অটুট রাখা এবং কোনো প্রকার গুজব বা অপপ্রচারে কান না দিয়ে সঠিক তথ্য জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের নিকট হতে জেনে নিতে হবে।

বোরহানউদ্দিন উপজেলায় আসন্ন শারীয় দুর্গাপূজা-২০২৩ সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে উদ্‌যাপনের লক্ষ্যে উপরোক্ত নির্দেশনাবলি প্রতিপালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

উপজেলা প্রশাসন
বোরহানউদ্দিন, ভোলা।